

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের কার্যালয়
ভৈরব, কিশোরগঞ্জ।
e-mail: useobhairab@gmail.com

এক নজরে

১৯৯৩ সাল থেকে পর্যায়ক্রমে ৪টি উপবৃত্তি প্রকল্পের মাধ্যমে উপজেলা পর্যায়ে মাধ্যমিক শিক্ষা ব্যবস্থাপনার জন্য প্রকল্প কার্যালয় স্থাপিত হয়। পরবর্তীতে এই উপজেলা প্রকল্প কার্যালয় এবং এর জনবল রাজস্ব খাতে স্থানান্তরিত হয়। তখন থেকে এই দপ্তরের নামকরণ করা হয় উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস। বাংলাদেশের সকল উপজেলায় একটি করে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস রয়েছে। বৃহত্তম চারটি মহানগরীতে থানা মাধ্যমিক শিক্ষা অফিস স্থাপিত হয়েছে। অত্র **“উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস”**টি, ভৈরব উপজেলা পরিষদ কমপ্লেক্স এর ভিতরে ডান পাশের তিনতলা ভবনের নীচতলায় অবস্থিত।

এ অফিসের জনবল সমূহ: উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার- ০১ জন, উপজেলা একাডেমিক সুপারভাইজার- ০১ জন, সহকারী উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার- ০১ জন, হিসাবরক্ষক- ০১ জন, অফিস সহকারী কাম ডাটা এন্ট্রি অপারেটর- ০১ জন, অফিস সহায়ক -০১ জন, গার্ড/নৈশ প্রহরী-০১ জন, মোট=০৭জন জনবল রয়েছে।

এ অফিসের আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানে সমূহ: ০৮টি কলেজ, ২৪টি বিদ্যালয় ও ০৯টি মাদ্রাসাসহ মোট=৪১টি সরকারি/বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান রয়েছে।

শিক্ষা মন্ত্রণালয়ের সমস্ত নির্দেশনা বাস্তবায়নের পাশাপাশি এসকল শিক্ষা প্রতিষ্ঠানের বহুমুখী সেবা প্রদান করে আসছে এ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস।